সুরক্ষা
কর্মক্ষেত্রে দূর্ঘটন
বীমার জন্য
এডভোকেসী ।

On behalf of:
Laudes Foundation

Implemented by:
giz Deutsche Gesellschaft für Internationale Zusammenarbeit (GIZ) GmbH

# সুরক্ষা চাই
## আমরাও ভাল থাকতে চাই



## ঝুঁকির সংজ্ঞা

ঝুঁকি এমন অপ্রত্যাশিত ঘটনা যা সম্ভবত হঠাৎ করে ঘটে বা ঘটতে পারে, যা সম্পদ এবং স্বাস্থ্যের ক্ষতি করতে পারে। ঝুঁকি অনিশ্চিত বিষয় এবং ১০০% পূর্বাভাস করা যাবে না। ঝুঁকি অনুমান করার জন্য, বিপজ্জনক ঘটনার সম্ভাব্যতার পাশাপাশি বিপজ্জনক ঘটনার প্রত্যাশিত তীব্রতার পরিণতি নির্ধারণ করা প্রয়োজন।

**মূল্য ঝুঁকি**



বাজারের পণ্যের দাম বৃদ্ধি,
শ্রমিকদের জন্য অসুবিধা হতে পারে।

**চাকরির অনিশ্চয়তা**



বাংলাদেশের গার্মেন্টস কর্মীদের মধ্যে
চাকরির নিরাপত্তা খুবই কম।

**সম্পদের ঝুঁকি**



হারানো, কিংবা নষ্ট হওয়া, বিশেষ করে সম্পদ,
যা উৎপাদনের সাথে জড়িত।

**স্বাস্থ্য ঝুঁকি**



দুর্ঘটনা, অসুস্থতা, মৃত্যু।

**আয়ের ঝুঁকি**



বেকারত্ব, পরিবারের প্রধান উপার্জনক্ষম ব্যক্তির
মৃত্যু, দুর্ঘটনার কারণে শারীরিক অক্ষমতা।

**অন্যান্য ঝুঁকি**

**অপরাধ** — নিজস্ব জিনিস চুরি হতে পারে (ঘরে সঞ্চিত টাকা); হিংস্রতা।

**যাতায়াত দুর্ঘটনা** — এ দুর্ঘটনার ফলে শ্রমিকের মৃত্যু বা স্থায়ী/ অস্থায়ী অক্ষমতার শিকার হতে পারে।

## একজন শ্রমিকের পোষ্য
## বাংলাদেশ শ্রম আইন সেকশন ২(৩০)

কোন শ্রমিকের মৃত্যু ক্ষেত্রে, তার পোষ্যের ক্ষতিপূরণের জন্য মালিকের বিরুদ্ধে মামলা করার অধিকার রয়েছে।

**নিম্নলিখিত যে কোন আত্মীয় পোষ্য হিসেবে গণ্য হবে:**

(ক) একজন বিধবা, নাবালক সন্তান, অবিবাহিত কন্যা বা বিধবা মা

(খ) সংশ্লিষ্ট শ্রমিকের মৃত্যুর সময় তার আয়ের উপর আংশিক বা সম্পূর্ণ

নির্ভরশীল হওয়ার ক্ষেত্রে:

- একজন স্ত্রীহারা স্বামী
- একজন পিতা বা বিধবা মাতা
- একজন কন্যা যদি অবিবাহিত বা নাবালিকা বা বিধবা হয়
- একজন নাবালক ভাই
- অবিবাহিত বা বিধবা ভগ্নি
- বিধবা পুত্রবধু
- মৃত পুত্রের বা কন্যার নাবালক সন্তান, যদি তার পিতা বা পিতামাতা জীবিত না থাকেন
- দাদা, দাদী এবং
- বিবাহ বহির্ভূত ছেলে বা বিবাহ বহির্ভূত কুমারী কন্যা।

## পোষ্যদের স্বীকৃতি

* শ্রমিকরা কর্মক্ষেত্রে যোগদানের সময় কমপক্ষে একজন উত্তরাধিকারী বা নমিনি মনোনীত করবেন। (বাংলাদেশ শ্রম আইন, ১৩৬)
* পোষ্যকে অবশ্যই তার পরিচয় প্রমাণ করতে হবে।
* বর্তমান আইনে ক্ষতিপূরণ প্রদানের কোনো প্রকাশিত বিধান নেই।
* অনেক উত্তরাধিকারী / পোষ্যদের ক্ষেত্রে আদালত যেভাবে উপযুক্ত মনে করে সেভাবে ক্ষতিপূরণ প্রদান করে।

## এমপ্লয়মেন্ট ইনজুরি ইনস্যুরেন্স (ই আই আই) কি?

এমপ্লয়মেন্ট ইনজুরি ইনস্যুরেন্স (ই আই আই) এমন একটি সামাজিক সুরক্ষা ব্যবস্থা যার মাধ্যমে শ্রমিকদের পেশাগত দুর্ঘটনা এবং ব্যাধির জন্য চিকিৎসা সুবিধা এবং ক্ষতিপূরণ প্রদান করা হয়।

### ই আই আই এর বৈশিষ্ট্য

* ই আই আই স্কিম এর তিনটি মূল স্তম্ভ হলো প্রতিরোধ, পুনর্বাসন এবং ক্ষতিপূরণ। অধিকাংশ দেশে ক্ষতিপূরণ ব্যবস্থা স্থাপনের মাধ্যমে ই আই আই স্কিম শুরু করা হয়।
* ই আই আই স্কিম প্রচলিত স্বাস্থ্য বীমা নয়। এটি শুধুমাত্র কর্মক্ষেত্রে দুর্ঘটনা ও পেশাগত ব্যাধির ক্ষেত্রে সুরক্ষা প্রদান করে।
* প্রাথমিক অবস্থায় জাতীয় ই আই আই স্কিম তুলনামলূকভাবে সুসংগঠিত/ কাঠামোবদ্ধ শিল্পখাতে চালু করা হয়। পর্যায়ক্রমে অন্যান্য প্রাতিষ্ঠানিক এবং অপ্রাতিষ্ঠানিক শিল্পখাতেও এই স্কিম সম্প্রসারণ করা হয়।
* তৈরি পোশাক শিল্প বাংলাদেশের প্রায় চল্লিশ লাখ শ্রমিকের জীবিকার সংস্থান করে। এ কারণে এদেশে একটি পাইলট ই আই আই স্কিম বাস্তবায়নের জন্য এই খাতটিকে সবচেয়ে উপযোগী হিসেবে বিবেচনা করা হয়।
* ই আই আই স্কিম কোনো বেসরকারী বীমা নয়। স্বায়ত্বশাসিত সংস্থা বা রাষ্ট্রকর্তৃক পরিচালিত কোনো প্রতিষ্ঠান এই স্কিমটি ব্যবস্থাপনার দায়িত্বে থাকে এবং সরকার, মালিকপক্ষ ও শ্রমিক পক্ষের প্রতিনিধিদের সমন্বয়ে গঠিত একটি ত্রিপাক্ষিক পরিচালনা পর্ষদ এর তত্বাবধান করে।
* কর্মক্ষেত্রে দুর্ঘটনা ও পেশাগত ব্যাধি পরবর্তী দায়িত্ব পালনে কোনো মালিক ব্যর্থ হলেও ক্ষতিগ্রস্ত শ্রমিক ই আই আই স্কিম -এ আওতাভুক্ত সুবিধা পাবেন।
* ক্ষতিপূরণ সম্পর্কিত মামলা পরিহার করা হবে এই শর্তে ক্ষতিগ্রস্ত শ্রমিকদের ই আই আই স্কিম থেকে ক্ষতিপূরণ দেওয়া হয়। এক্ষেত্রে মালিকপক্ষকেও বাধ্যতামূলকভাবে নির্ধারিত অর্থ ই আই আই স্কীম–এর তহবিলে নিয়মিত পরিশোধ করতে হবে।
* ই আই আই স্কীম 'নো ফল্ট' (দায়মুক্ত) নীতি অনুসরণ করে। অর্থাৎ যথাযথ সাবধানতা অবলম্বনের পরেও কর্মক্ষেত্রে দুর্ঘটনা ও পেশাগত ব্যাধির কারণে

কোন শ্রমিক ক্ষতিগ্রস্থ হলে সেই শ্রমিক ই আই আই স্কিম এর আওতাভুক্ত সুবিধাদি পাবেন। এই পদ্ধতিটি কার্যকর, কারণ আইনি ব্যবস্থায় দায়ী ব্যক্তিদের শনাক্ত করতে অনেক অর্থ ও সময় ব্যয় হয়।

* একটি ই আই আই স্কিম অর্থায়ন করে মালিকপক্ষ। স্কিম এর আওতায় যে সকল শ্রমিক আছেন তাদের বেতনের উপর অর্থায়ন করা হয়। আইএলও প্রস্তাব করেছে যে, বাংলাদেশে তৈরি পোশাক এবং টেক্সটাইল সামগ্রী রপ্তানিকারক প্রতিষ্ঠানের মালিকদের ই আই আই স্কিম এর তহবিলে তাদের প্রতি শ্রমিকের বেতনের প্রায় ০.৩৩ শতাংশ জমা দিতে হবে। অর্থাৎ, কোনো শ্রমিকের মাসিক বেতন যদি ১০,০০০ টাকা (১১৬ মার্কিন ডলার) হয়, তবে মালিক সেই শ্রমিকের জন্য প্রতি মাসে মাত্র ৩৩ টাকা (০.৩৮ মার্কিন ডলার) ই আই আই স্কিম এর তহবিলে প্রদান করবেন। তবে উল্লেখ্য যে, এই ৩৩ টাকা শ্রমিকের বেতন থেকে কেটে নেয়া যাবে না। এই হিসাবটি বাংলাদেশের ক্ষেত্রে এখনও অবধারিত নয়। এটি পরবর্তীতে ত্রিপক্ষীয় অংশীদারদের আলোচনার ভিত্তিতে নির্ধারণ করা হতে পারে।

* ই আই আই স্কিম এর তহবিল থেকে কর্মক্ষেত্রে দুর্ঘটনা ও পেশাগত ব্যাধির কারণে হওয়া আর্থিক ক্ষতির জন্য কোনো প্রকার থোক অর্থ দেয়া হয় না। পরিবর্তে দীর্ঘমেয়াদী কিস্তি ভিত্তিক টাকা দেয়া হয়।

* কর্মক্ষেত্রে দুর্ঘটনা ও পেশাগত ব্যাধির ফলে আহত বা প্রতিবন্ধী শ্রমিকের পুনর্বাসন এবং তাকে পূর্ব পেশায় ফিরিয়ে আনতে কিংবা বিকল্প পেশায় নিয়োজিত হয়ে কাজ করতে ই আই আই স্কিম সাহায্য করবে।

## ই আই আই এর সুবিধাসমূহ

### শ্রমিকের সুবিধা

* কর্মক্ষেত্রে দুর্ঘটনা ও পেশাগত ব্যাধি বা অসুস্থতার কারণে আর্থিক ক্ষতির সম্মুখীন হলে তাদের জন্য সময়োপযোগী এবং পর্যাপ্ত সুরক্ষা নিশ্চিত করবে ই আই আই স্কিম।

* কর্মক্ষেত্রে দুর্ঘটনা ও পোগত ব্যাধি বা অসুস্থতার কারণে কোনো শ্রমিক প্রতিবন্ধী হয়ে থাকলে ই আই আই স্কিম এ অন্তর্ভুক্ত কারিগরি পুনর্বাসন কর্মসূচি তাকে পূর্ব পেশা কিংবা উপযুক্ত বিকল্প পেশায় কাজ করতে সাহায্য করবে।

* কর্মক্ষেত্রে দুর্ঘটনা ও পেশাগত ব্যাধি বা অসুস্থতার কারণে প্রতিবন্ধী হওয়া কোনো ব্যক্তি উপার্জনে অক্ষম হলে ই আই আই স্কিম এর অধীনে তার বাকি জীবনের জন্য ক্ষতিপূরণ পাবেন। মৃত শ্রমিকের উপর নির্ভরশীল পরিবারের সদস্যরাও ক্ষতিপূরণ পাবেন। এই আর্থিক সুবিধার পরিমান দুর্ঘটনার পূর্বে শ্রমিকের সর্বশেষ বেতনের কমপক্ষে ৬০% পর্যন্ত হতে পারে। অর্থাৎ সম্পূর্ণ প্রতিবন্ধী হওয়ার পূর্বে কোনো শ্রমিকের বেতন যদি প্রতি মাসে ১০,০০০ টাকা হয়ে থাকে, তবে তিনি তার বাকি জীবনের জন্য প্রতি মাসে ৬,০০০ টাকা করে পাবেন।

* ই আই আই স্কিম এ তালিকাভুক্ত প্রত্যেক শ্রমিকের একটি ব্যাংক একাউন্ট থাকবে এবং ক্ষতিপূরণের দাবি অনুমোদন হলে তার নির্দিষ্ট ব্যাংক একাউন্টে কিংবা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রাপ্য অর্থ পরিশোধ করা হবে।

ফলে ব্যাংক একাউন্টে কিংবা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রাপ্য অর্থ পরিশোধ করা হবে। যার ফলে প্রতিবন্ধী শ্রমিকরা তাদের প্রাপ্য অর্থ সংগ্রহের জন্য যাতায়াতের বিড়ম্বনা থেকে রেহাই পাবেন।

* ই আই আই স্কিম গুরুতর আহত শ্রমিকের জন্য জীবনব্যাপী উন্নততর চিকিৎসা এবং সেবা নিশ্চিত করবে।

## কর্মক্ষেত্রে দুর্ঘটনা সুরক্ষার প্রচলিত মডেলের সাথে ই আই আই এর পার্থক্য

| | স্বতন্ত্র নিয়োগকারীর দায়বদ্ধতা | সামাজিক বীমা (ই আই আই) |
|---|---|---|
| দায়বদ্ধতা | স্বতন্ত্র নিয়োগকারী | কোন ত্রুটি নাই |
| স্থায়ী অক্ষমতা / বেঁচে যাওয়াদের ক্ষতিপূরণসমূহ | একক পরিমাণ / সীমিত সময়কাল | সমন্বয় করার মাধ্যমে পর্যায় ক্রমিক অর্থ প্রদান |
| চিকিৎসা সেবা | সীমিত সময়কাল | যতদিন প্রয়োজন |
| পুনর্বাসন | পাওয়া যাবে না | পাওয়া যাবে |
| ক্ষতিপূরণসমূহ প্রদান করা | নিশ্চিত নয় | নিশ্চিত / দ্রুত |
| প্রতিরোধ | অর্থ পাওয়া যাবে না | অর্থ পাওয়া যাবে |
| অর্থায়ন | স্বতন্ত্র | সমষ্টিগত |
| ঝুঁকির দায়বদ্ধতা | স্বতন্ত্র | সমষ্টিগত |
| নিয়োগকর্তার দেউলিয়া হওয়া | হ্যাঁ হয় | না |
| কার্যকর আওতাভুক্ত | সামান্য | বিস্তৃত |

## কোন দুর্ঘটনাগুলো ই আই আই এর অন্তর্ভুক্ত?

পেশাগত দুর্ঘটনা সাধারণত প্রায়ই ঘটে থাকে, পেশাগত দায়িত্ব পালনকালে এবং যেগুলো কাজের বাইরে বা কাজের সময় সংঘটিত হয় (যেমন কোনো অর্থনৈতিক লেনদেনে নিযুক্ত থাকাকালীন বা কর্মস্থলে থাকাকালীন বা নিয়োগকর্তার কাজ করা কালীন) এমন ঘটনাগুলোকে বোঝানো হয়ে থাকে।

## কোন ঘটনাগুলো ই আই আই এর অন্তর্ভুক্ত নয়?

কোনো দুর্ঘটনা পেশাগত দুর্ঘটনা হিসাবে বিবেচিত না হওয়ার কারণ হলো যখন নিয়োগকর্তার নিয়ন্ত্রণের বাইরে কোনো ঘটনা বা পরিস্থিতি যেমন যুদ্ধ, দাঙ্গা, অপরাধ, মহামারী বা ভূমিকম্প বা সুনামি, যার জন্য নিয়োগকারীকে দায়ী করা যায় না। অপরাধমূলক আচরণ যেখানে কোনো ব্যক্তি জানার পর বা সুস্পষ্ট ঝুঁকি উপেক্ষা করে বা অন্যের জীবন এবং সুরক্ষা উপেক্ষা করে।

সুরক্ষা

কর্মক্ষেত্রে দূর্ঘটনা
বীমার জন্য
এডভোকেসী

www.shurokkha.com.bd